

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-বস্ত্র/পরি:/চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লি:/৫৯৬/২০১৬/ ৩০৬

তারিখঃ ২২/০৯/২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ৩য় এড-হক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

মেসার্স চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লিমিটেড, অফিস+কারখানা: সন্তাপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ; শিল্প উপখাতঃ “ফেব্রিক্স ডাইং এন্ড প্রসেসিং” এর অধীনে ১০০% রপ্তানীমুখী শিল্প হিসাবে অত্র অধিদপ্তরে নিবন্ধন প্রাপ্ত হয়। যার নিবন্ধন পত্র নং-বস্ত্র/পরি:/চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লি:/৫৯৬/২০১৬/১৫৩ তারিখ: ২৭/০৩/২০১৬ ইং (প্রস্তাবিত নিবন্ধন সংখ্যাঃ পরিঃ/ডাইং-০০০০০১৬৪-১৬ তারিখঃ ২৭/০৩/২০১৬ খ্রিঃ)। অত্র অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে “ফেব্রিক্স ডাইং এন্ড প্রসেসিং” উপখাতে এডহক শিল্প আই আর সি নং- ব-১৭০০৮৫ তারিখ: ০৭/০৮/২০১৬ জারী করা হয়। পরবর্তীতে কারখানায় ডাইং মেশিনারীজ না থাকায় শুধুমাত্র ফিনিশিং মেশিন থাকায় নিবন্ধন পত্র সংশোধন করে শিল্প উপখাত “টেক্সটাইল ফিনিশিং” করা হয়। যার পত্র নং-বস্ত্র/পরি:/চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লি:/৫৯৬/২০১৬/২১৮ তারিখ: ৩০/০৪/২০১৭। সে অনুযায়ী ২৯৯ স্মারকে ২৩/০৭/২০১৭ তারিখে ২য় এডহক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রদান করা হয়। বর্তমানে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির জন্য ৩য় এডহক আই আর সি’র সুপারিশ চেয়ে আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন পরিদর্শক সরেজমিনে পরিদর্শন করে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদির ভিত্তিতে বিষয়টি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর “টেক্সটাইল ফিনিশিং” উপখাতে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ৩য় এডহক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

কাঁচামালের বিবরণ নিম্নরূপ:

কাঁচামালের বিবরণ	এইচ এস কোড নম্বর	ষান্মাসিক আমদানি স্বত্ব (টাকায়)
তালিকা সংযুক্ত	তালিকা সংযুক্ত	=৬৪,৮০,০০০/- (চৌষাঠি লক্ষ আশি হাজার) মাত্র।

অতএব, বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারী নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে মেসার্স চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লিমিটেড এর অনুকূলে “টেক্সটাইল ফিনিশিং” উপখাতে ৩য় এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে শিল্প আই আর সি জারীর সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানীমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। তবে এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।


(মোহাম্মদ আলম রেজা)

উপ-পরিচালক (কারিগরি)

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।

e-mail: ddplanning@dot.gov.bd

ফোন: ০২-৯১১৩৭৭০১



প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা,

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

নং-বস্ত্র/পরি:/চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লি:/৫৯৬/২০১৬/

তারিখঃ

খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। মেসার্স চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রা:) লিমিটেড, অফিস+ কারখানা: সন্তাপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

১১

(এম. আবু সাদাত সায়েম)

সহকারী-পরিচালক (কারিগরি)

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

e-mail: adplanning@dot.gov.bd